

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ডিসেম্বর ১৫, ২০১৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মন্ত্রিপরিষদ বিভাগ  
প্রজ্ঞাপন

ঢাকা, ০১ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/১৫ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৬২.০২২.১৫.৩১১—মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী জনাব মাহবুবুল হক শাকিল গত ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইমালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর।

২। জনাব মাহবুবুল হক শাকিলের মৃত্যুতে গভীর শোক প্রকাশ ও মরহমের রুহের মাগফিরাত কামনা করে এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানিয়ে মন্ত্রিসভার ২৮ অগ্রহায়ণ ১৪২৩/১২ ডিসেম্বর ২০১৬ তারিখের বৈঠকে একটি শোকপ্রস্তাব গ্রহণ করা হয়।

৩। মন্ত্রিসভার বৈঠকে গৃহীত উক্ত শোকপ্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোহাম্মদ শফিউল আলম  
মন্ত্রিপরিষদ সচিব

( ১৮৩২৩ )  
মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার শোকপ্রস্তাব

২৮ অগ্রহায়ণ ১৪২৩  
ঢাকা : ১২ ডিসেম্বর ২০১৬

মাননীয় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী জনাব মাহবুবুল হক শাকিল গত ০৬ ডিসেম্বর ২০১৬ তারিখে ইন্তেকাল করেন (ইন্মালিল্লাহে ... রাজিউন)। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৪৮ বছর।

মাহবুবুল হক শাকিল ১৯৬৮ সালে জন্মগ্রহণ করেন। তিনি ময়মনসিংহ জিলা স্কুল থেকে এসএসসি ও আনন্দমোহন কলেজ থেকে এইচএসসি পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজবিজ্ঞান বিভাগ থেকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি অর্জন করেন।

ছাত্রলীগে যোগদানের মাধ্যমে রাজনীতিতে সংযুক্ত হন মাহবুবুল হক শাকিল। তিনি বাংলাদেশ ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ও সিনিয়র সহ-সভাপতি এবং পরবর্তীকালে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সংসদের উপ-কমিটির সহসম্পাদক হিসাবে দায়িত্ব পালন করেন।

একজন ছাত্রনেতা হিসাবে শাকিল গণতান্ত্রিক আন্দোলনে বলিষ্ঠ ভূমিকা রাখেন। নব্বই-এর গণঅভ্যুত্থান ও পরে যুদ্ধাপরাধীদের বিচারের দাবিতে শহীদ জননী জাহানারা ইমামের নেতৃত্বে গড়ে উঠা আন্দোলনে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখেন শাকিল।

জনাব শাকিল তাঁর বর্ণাঢ্য রাজনৈতিক জীবনে আওয়ামী লীগের তথ্য ও গবেষণা সেল সিস্টেম পরিচালনার দায়িত্ব পান। নবম সংসদ নির্বাচনে জয়লাভের মাধ্যমে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বাধীন সরকার গঠনের পর তিনি প্রধানমন্ত্রীর উপ-প্রেস সচিবের দায়িত্বে নিযুক্ত হন। দুই বছর পর তাঁকে প্রধানমন্ত্রীর বিশেষ সহকারী (মিডিয়া)’র দায়িত্ব প্রদান করা হয়। ২০১৪ সাল থেকে আমৃত্যু তিনি অতিরিক্ত সচিব পদমর্যাদায় প্রধানমন্ত্রীর বিশেষ সহকারীর দায়িত্ব দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে পালন করেন।

ছাত্রজীবন থেকেই শিল্প ও সাহিত্যের প্রতি ছিল মাহবুব শাকিলের গভীর অনুরাগ। সাহিত্যকর্মে তাঁর দখল ছিল প্রশংসনীয়। তাঁর প্রকাশিত গ্রন্থ - ‘খেরোখাতার পাতা থেকে’ এবং ‘মন খারাপের গাড়ি’ যথেষ্ট জনপ্রিয়তা লাভ করে। দেশের শিল্প-সাহিত্যের উন্নয়ন প্রয়াসে সর্বদা তিনি ছিলেন একনিষ্ঠ ও নিবেদিতপ্রাণ কর্মী।

জনাব মাহবুবুল হক শাকিল জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আদর্শের প্রতি অবিচলভাবে অনুগত থেকেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতি ছিল তাঁর গভীর শ্রদ্ধাবোধ।

একজন মেধাবী, সজ্জন হিসাবে শাকিল ছিলেন সর্বমহলে সমাদৃত। আমৃত্যু তিনি সৃজনশীলতা, দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালনের মাধ্যমে নিজেকে দেশ ও জাতির কল্যাণে নিয়োজিত রেখেছেন।

জনাব শাকিলের মৃত্যুতে জাতি একজন দক্ষ সংগঠককে হারাল। দেশের সাহিত্য ও সাংস্কৃতিক অঙ্গনে সৃষ্টি হল এক অপূরণীয় শূন্যতা।

মন্ত্রিসভা জনাব মাহবুবুল হক শাকিলের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করছে। মন্ত্রিসভা মরহুমের রুহের মাগফিরাত কামনা এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জানাচ্ছে।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd